তারিখ 11 NOV 1991
পৃষ্ঠা ২ কলাম ২

দৈনিক বাংলা

১৪

# ঢাকা বোর্ড ও ভার্সিটির বিপুলসংখ্যক জাল সার্টিফিকেট উদ্ধার

70

স্টাফ রিপোর্টার ঃ রোববার লালবাগ থানার খাজেদেওয়ান ২য় লেন থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় ও ঢাকা বোর্ডসহ বিভিন্ন শিক্ষা বোর্ডের বিপুলসংখ্যক জাল সার্টিফিকেট, মার্কশীট, প্রশংসাপত্রের ফরম ইত্যাদি উদ্ধার করা হয়।

সিআইডি পুলিশের একটি দল বিশেষ অভিযান চালিয়ে এসব উদ্ধার করে।

এছাড়া রাজশাহী বোর্ড, কুমিল্লা বোর্ড এবং ঢাকার আশেপাশের কলেজ ও স্কুলের জাল সার্টিফিকেট, মার্কশীটের জাল ফরম, প্রশংসাপত্রের ফরম এবং সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানের মনোগ্রাম সং-বলিত রাবার স্ট্যাম্পও উদ্ধার করা হয়।

সিআইডি পুলিশ জানায়, একটি আন্তঃজেলা জালিয়াতচক্র দীর্ঘদিন যাবৎ ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের বিভিন্ন শিক্ষা বোর্ডের সার্টিফিকেট, প্রশংসাপত্র ইত্যাদি জাল করে এক শ্রেণীর তরুণদের মধ্যে বিক্রির অসৎ ব্যবসায় লিপ্ত রয়েছে। তবে সিআইডি পুলিশ এ ব্যাপারে এ পর্যন্ত কাউকে গ্রেফতার করতে সক্ষম হয়নি।